

# সাইনবোর্ডের নিচে নাম পাল্টানো নতুন ব্যানার

ফরিদপুর  
প্রতিনিধি

০৮ আগস্ট,  
২০২৪ ০০:০০

শেয়ার

অ +

অ -



ফরিদপুর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রধান ফটকের সাইনবোর্ড থেকে 'বঙ্গবন্ধু শেখ মুজিব' শব্দগুলো মুছে তার নিচে 'ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল' লেখা ব্যানার টানিয়ে দেওয়া হয়েছে। ছবি : কালের কঠ্ট

শেখ হাসিনা সরকারের পতনের পরই ফরিদপুর বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল কলেজ হাসপাতালের প্রধান ফটকের সাইনবোর্ড থেকে ‘বঙ্গবন্ধু শেখ মুজিব’ লেখা মুছে দিয়ে তার নিচে ‘ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল’ লেখা ব্যানার টানিয়ে দেওয়া হয়েছে।

সূত্র বলেছে, গত মঙ্গলবার সন্ধ্যায় ‘ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতাল’ লেখা ব্যানারটি টানানো হয়। নতুন ব্যানারটির নিচে লেখা—সৌজন্যে : ফরিদপুর মেডিক্যাল কলেজ হাসপাতালের সকল কর্মকর্তা ও কর্মচারী।

গতকাল বুধবার দুপুরে মেডিক্যাল কলেজ হাসপাতালের উপপরিচালক দীপক কুমার এ তথ্য জানিয়ে বলেন, “যদিও ব্যানারটির নিচে লেখা রয়েছে ‘সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ’।

কিন্তু এটা হাসপাতালের কেউ করেছে বলে আমার জানা নেই।”

তিনি বলেন, ‘শুনেছি মঙ্গলবার সন্ধ্যায় কাজটি করা হয়েছে। আমরা চাকরি করি, চাইলেই তো নাম পরিবর্তন করতে পারি না। সরকার চাইলে এই পরিবর্তন করতে পারে।